DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:55 PM

জাতীয়

# চেয়ার-সোফার পেছনে জাতীয় পতাকা প্রদর্শন নয়: হাইকোর্ট

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৪১ AM



সরকারি অফিস ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের চেয়ার বা সোফার পেছনে আইনবহির্ভূতভাবে পতাকা প্রদর্শন করা থেকে বিরত রাখার জন্য নির্দেশনা দিয়েছেন হাইকোর্ট।

এক আইনজীবীর করা রিটে মঙ্গলবার (২৫ আগস্ট) বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি এস এম ইফতেখার উদ্দিন মাহমুদের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেন।

আদালতে রিট করেন আইনজীবী শরিফ সরকার। রিটের পক্ষে শুনানি করেন এইচ এম সানজিদ সিদ্দিকী।

সানজিদ সিদ্দিকী জানান, সাম্প্রতিক সময়ে সরকারি বিভিন্ন অফিসে কর্মকর্তারা তাদের টেবিলের পেছনে বা চেয়ারের পেছনে জাতীয় পতাকা প্রদর্শন করছেন। তারা জাতীয় পতাকা রেখে চেয়ারের সামনে অবস্থান করছেন।

জাতীয় পতাকা চেয়ার বা টেবিলের পাশে এভাবে প্রদর্শন করা আইনবহির্ভূত।

তিনি বলেন, জাতীয় পতাকা বিধিমালা, ১৯৭২-এ ১৫ ধরনের ব্যক্তি তাদের দপ্তরে, বাসস্থানে এবং গাড়িতে জাতীয় পতাকা ব্যবহার করতে পারবেন।

কিন্তু দেখা যায়, সরকারের বিভিন্ন অধীনস্থ অফিস, বিশেষ করে সচিবালয়ের অধীনস্থ অফিস ও করপোরেশনের কর্মকর্তারা সাম্প্রতিক সময়ে তাদের চেয়ারের পেছনে একটি পতাকা প্রদর্শন করছেন। সর্বদাই পতাকা প্রদর্শন করেন। এই প্রদর্শনের সুযোগ আইনে রাখা হয়নি।

সানজিদ সিদ্দিকী বলেন, পতাকা বিধিমালায় বলা আছে, জাতীয় পতাকা যখন কোনো ভবনে প্রদর্শন করা হবে, তখন এটি সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত প্রদর্শন করতে হবে। জাতীয় পতাকা ফ্রি-ফ্লোটিং হতে হবে। মানে, আপনি যখন এটি উত্তোলন করবেন, তখন এটি উড়ন্ত অবস্থায় থাকতে হবে। কিন্তু যে পতাকা প্রদর্শন করা হচ্ছে, আপনারা দেখবেন, এটি একটু বেন্ড করে, কার্ভ করে, শুধু পতাকাটি পেছনে রেখে তিনি সামনে অবস্থান করছেন।

শুনানি শেষে আদালত রুল দিয়েছেন। রুলে পতাকা পেছনে রেখে সরকারি কর্মকর্তারা সামনে অবস্থান করছেন বা তাদের চেয়ারের পেছনে পতাকা প্রদর্শন করছেন, এই ধরনের পতাকার ব্যবহার কেন বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়েছেন আদালত।

অন্তর্বর্তীকালীন আদেশে সরকারি অফিস ও স্বায়ত্তশাসিত অফিসের কর্মকর্তা-কর্মচারীরা যাতে তাদের চেয়ার বা সোফার পাশে আইনবহির্ভূতভাবে পতাকা প্রদর্শন না করেন, তা থেকে বিরত রাখার জন্য নির্দেশনা দিয়েছেন আদালত।

একই সঙ্গে তিন সদস্যের কমিটি করার জন্য মন্ত্রিপরিষদ সচিবকে নির্দেশনা দিয়েছেন আদালত। কমিটিতে একজন জুডিশিয়াল অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি এবং সরকারি একটি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষককে রাখতে বলা হয়েছে। তারা ৬০ দিনের মধ্যে একটি প্রতিবেদন দেবেন, জাতীয় পতাকার বিধি অনুসরণ করে অফিসকক্ষে যে জাতীয় পতাকাগুলো ব্যবহার করা হচ্ছে, সেগুলো প্রদর্শন করা হচ্ছে কি না, বলেন সানজিদ সিদ্দিকী।

---

## এ বিভাগের আরও খবর



**খাগড়াছড়িতে সেনাবাহিনীর বিনামূল্যে চিকিৎসাসেবা, উপকৃত ৮৬১ রোগী**
দুর্গম পার্বত্য অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। এ...



**ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহে অন্তত এক ঘণ্টা সময় দিতে হবে: প্রধানমন্ত্রী**
রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় তিন মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ উদ্বোধন করেছ...



**জ্বালানি সংকট বর্তমান সরকারের তৈরি নয়, ফ্যাসিস্ট সরকারের তৈরি: প্রধানমন্ত্রী**
গ্যাস-বিদ্যুতের সংকটের কারণে জনগণের যে ভোগান্তি হচ্ছে, সে বিষয়ে সরকার সচেতন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, এই জ্বালান...



**যতই প্রভাবশালী হোক, দুর্নীতি করলে ব্যবস্থা নেওয়ার আহ্বান রাষ্ট্রপতির**
দুর্নীতিবাজ যতই প্রভাবশালী হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাকে আইনের আওতায় আনার জন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/cheyar-sofar-pechhne-jatiy-ptaka-prdrshn-ny-haikort